আলমডাঙ্গার ১১ টি ইউনিয়ন ভূমি অফিসে মিলবে সুপেয় পানি

আলমডাঙ্গা উপজেলার ১১ টি ইউনিয়ন ভূমি অফিসে সুপেয় পানির ফিল্টার বিতরণ করা হয়েছে। সোমবার দুপুরে উপজেলা সহকারী কমিশনার (ভূমি) রেজওয়ানা নাহিদ এ পানির ফিল্টার বিতরণ করেন। এমন উদ্যোগে আনন্দিত বিভিন্ন ইউনিয়নের ভূমি কর্মকর্তা ও সহকারীরা।

জানা গেছে, সবার জন্য নিরাপদ ও সুপেয় খাবার পানি নিশ্চিত করার লক্ষে উপজেলা সহকারী কমিশার (ভূমি) রেজওয়ানা নাহিদের উদ্যোগে উপজেলার ১১টি ইউনিয়ন ভূমি অফিসে ওয়াটার ফিল্টার স্থাপন করা হয়। এতে বিভিন্ন ইউনিয়নে ভূমি সুবিধা নিতে সাধারণ মানুষ সুপেয় পানির তৃষ্না মিটবে সহজেই। এ সকল ওয়াটার ফিল্টার থেকে শতভাগ পানিই নিরাপদ। পানি পান করার জন্য রাখা হয়েছে অনটাইম গ্লাস।

কালিদাসপুর ভূমি অফিসে সেবা নিতে আসা আজিবর রহমান বলেন, ‘এখানে খাবার পানির ব্যবস্থা করায় অনেক সুবিধা হয়েছে।’
আলমডাঙ্গা সরকারি কলেজের সমাজ বিজ্ঞান বিভাগের প্রভাষক শেখ শফিউজ্জামান বলেন, ‘সামাজিক উন্নয়নের চিত্র এমন কাজেই বহিঃপ্রকাশ পাই। ভূমি সেবার পাশাপাশি সুপেয় পানির সরবরাহ সময়োপযোগী সিদ্ধান্ত।’

উপজেলা সরকারি কমিশনার ভূমি রেজওয়ানা নাহিদ বলেন, ‘জনস্বার্থে নিরাপদ খাবার পানি পান নিশ্চিত করতে উপজেলার ১১টি ইউনিয়ন ভূমি অফিসে ওয়াটার ফিল্টার চালু করা হয়েছে।’